[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মুজিবনগরে ভ্রাম্যমান আদালতে ৩ জনের ৬ মাসের জেল

মুজিবনগর গাঁজা বিক্রয় ও সেবন করার অপরাধে ৩ জনের ৬ মাসের জেল দিয়েছে ভ্রাম্যমান আদালত। মঙ্গলবার রাত সাড়ে ৮ টার সময় দারিয়াপুর খাঁনপুর কালিতলা নামক স্থানে মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের সহকারী পরিচালক ইত্তখার মোহাম্মদ ওমায়ের নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের একটি টিম অভিজান চালিয়ে গাঁজা বিক্রয় ও সেবন করা অবস্থায় ৩ জন আটক করে।

সাথে থাকা আরো একজনকে আটক করে কোন আলামত না পাওয়ায় স্থানীয় জনগনের সুপারিশে ছেড়ে দেয়া হয়। আটককৃত ব্যাক্তিরা হলো মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার খাঁনপুর গ্রামের মহাদেব পাত্রের ছেলে কাত্তিক কুমার পাত্র(৩৫) ও একই গ্রামের মৃতঃ আলম শেখের ছেলে আবুল হোসেন (৫০) ও ছয়তুল্লার ছেলে আসকার আলী (৪০)।

মাদকদ্রব্য নিয়ন্ত্রর আইন ২০১৮ মোতাবেক দোষী সাবস্থ্য হওয়ায় ৩ জনের ৬ মাস করে জেল দেয়া হয়। ভ্রাম্যমান পরিচালনা করেন এক্সজেগেটিক ম্যাজিস্ট্রেট সুজন দাস গুপ্ত।

মুজিবনগর প্রতিনিধিঃ

৪ লাখ মানুষের জন্য ৪ জন ডাক্তার!

আকতারুজ্জামান গাংনী:
মেহেরপুরের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অবকাঠামোগত উন্নয়ন হলেও চিকিৎসক না থাকায় কাঙ্খিত চিকিৎসা সেবা পাচ্ছেন না গাংনী উপজেলাবাসি। বারবার চিকিৎসক চেয়ে সংশ্লিষ্ঠ দপ্তরে চিঠি পাঠানো হলেও সে দাবী অপূর্ন থেকে গেছে। গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সুত্রে জানা গেছে, কমপ্লেক্সটি ২০০৮ সালে ৩১ শষ্যা

চিকিৎসার শিকার হচ্ছেন। স্যাকমো দিয়ে শিশুদের চিকিৎসা করাতে হলেও অপেক্ষা করতে হচ্ছে ঘন্টার পর ঘন্টা। সকাল ৮ টা থেকে দুপুর ১২ পর্যন্ত কয়েকশো রোগী দেখেন একজন স্যাকমো। সেখানেও নানা বিড়ম্বনার শিকার হতে হচ্ছে সেবা প্রত্যাশীদের।

কয়েকজন রোগীর স্বজন জানান,জরুরী বিভাবে জরুরী রোগীদের সেবা না দিয়ে সাধারণ রোগীদের চিকিৎসা দেয়া হয় ফলে অত্যান্ত জরুরী রোগীরা সেবা পায়না । ঘন্টার পর ঘন্টা অপেক্ষা করতে হয়। সড়ক দুর্ঘটনায় মারাত্নক জখম হয়ে জরুরী বিভাগে অপেক্ষামান স্কুল ছাত্র ফয়সাল জানায়, আধাঘন্টা ধরে জরুরী বিভাগে বসে আছি।

হাত-পা কেটে রক্ত ক্ষরণ হচ্ছে তবুও চিকিৎসা পাইনি। অবশেষে ক্লিনিকে গিয়ে চিকিৎসা নিতে হয়েছে। জরুরী বিভাবে কর্মরত স্যাকমো সর্দি-কাশির চিকিৎসা নিয়ে ব্যাস্ত ছিলেন। আমাদের দিকে তাকিয়েও দেখেননি। আউট ডোরে একজন করে মেডিকেল অফিসার ডিউটিতে থাকার কথা থাকলেও তিনি থাকেন ২য় তলায়।

ডাক্তার ডেকে আনতে হয় মোবাইল করে। খাতা কলমে মেডিকেল অফিসার আউটডোরে ডিউটিতে থাকলেও ডাক্তার খুজে পাইনা রোগীরা। অনেক রোগীকে নিরাশ হয়ে চলে যেতে হয় প্রাইভেট ডাক্তারের কাছে। এব্যাপারে স্বাস্থ্য কমপ্লেক্রে পরিবার পরিকল্পনা কর্মকর্মা ডাঃ মাহাবুবুর রহমান জানান, এখানে চিকিৎসক সংকট দির্ঘদিনের।

দু’একজন ডাক্তার এখানে আসলেও মেহেরপুরসহ বিভিন্ন যায়গায় নিয়ে চলে যান ডেপুটিশনে। বার বার আমি ডাক্তার চেয়েছি কিন্তু কোনো সাড়া পাচ্ছিনা। তবে চলতি বছরে কয়েকজন ডাক্তার পাবো বলে আশায় বুক বেধে আছি।

গাংনীতে ভ্রাম্যমান আদলতে দুই হোটেল মালিককে জরিমানা

মেহেরপুরের গাংনীতে দুই হোটেল মালিককে জরিমানা করেছে ভ্রাম্যমান আদলত। সোমবার বিকেল সাড়ে ৫ টার দিকে তাদের এ জরিমানা করা হয়।

নোংরা পরিবেশে খাবার তৈরী ও পরিবেশনের দায়ে হেমায়েতপুর বাজারে ভ্রাম্যমান আদালতে জরিমানা করা হয়। ভ্রাম্যামান আদালত পরিচালনা করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান।

আদালত সুত্রে জানা যায়, নোংরা পরিবেশে হোটেলে খাবার প্রস্তুত করায় হেমায়েতপুর বাজারের ভাই ভাই রেষ্টুরেন্ট এর মালিক আমতৈল গ্রামের রহমানের ছেলে আ: রহিমকে ১ হাজার টাকা ও হেমায়েতপুর গ্রামের দাউদের ছেলে মামা ভাগ্নে রেষ্টুরেন্টের মালিক বাবলুকে ভোক্তা অধিকার সংরক্ষন আইনে ২ হাজার টাকা জরিমানা করা হয়।

নিজস্ব প্রতিনিধি:

মেহেরপুরে ছাত্রলীগ নেতার উপর হামলর প্রতিবাদে সড়ক অবরোধ করে বিক্ষোভ মিছিল

মেহেরপুরে ছাত্রলীগ নেতা তুষার ইমরান এর উপর হামলার প্রতিবাদে মেহেরপুর কুষ্টিয়া সড়ক অবরোধ করে বিক্ষোভ মিছিল করেছে মেহেরপুর জেলা ছাত্রলীগ।

আহত তুষার ইমরান মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজের সাবেক সাধারণ সম্পাদক ও জেলা ছাত্র লীগের যুগ্ন সাধারন সম্পাদক। আজ দুপুর বারোটার সময় মেহেরপুর জেলা ছাত্রলীগের উদ্যোগে একটি বিক্ষোভ মিছিল বের হয়ে সরকারী কলেজ ক্যাম্পাস ঘুরে মেহেরপুর কুষ্টিয়া সড়ক অবরোধ করে ঘন্টা ব্যাপি বিক্ষোভ সমাবেশ করে।

জেলা ছাত্রলীগের সিনিয়র সহ-সভাপতি কুদরত-ই খুদা রুবেল এর নেতৃত্বে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখেন জেলা ছাত্রলীগের সহ-সভাপতি দুলাল মাহমুদ, আসাদুল্লা আল গালিব, আবু মোরশেদ শোভন, সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা, সদর থানা ছাত্রলীগের সাধারন সম্পাদক ফয়সাল খান সহ অন্যন্যরা।

এসময় বক্তারা ছাত্রলীগ নেতা তুষার ইমরান এর উপর হামলাকারী মুজিবনগর সরকরী ডিগ্রী কলেজের সাবেক সাংগঠনিক সম্পাদক আশিকের বিচার ও ছাত্রলীগ থেকে বহিস্কারের দাবী জানান। বক্তারা এরা বলেন, আশিক দীর্ঘ দিন ধরে মাদকাসক্ত । তর নমে মুজিবনগর থানায় মাদকের মামলা রয়েছে। ঘন্টাব্যাপি সড়ক অবরোধে সড়কের দু”পাশে কয়েক শত যানবাহন আটকা পড়ে।

সোমবার দুপুরে কলেজ থেকে বাড়ি ফেরার পথে কলেজ গেটের কাছে সাবেক সাংগঠনিক সম্পাদক আশিকের নেতৃত্বে লিজন, অনিক, রনক, বান্না, মিল্টন, ঝলক সহ আরও কয়েকজন তুষার ইমরনের উপর হামলা চালিয়ে কুপিয়ে আহত করে পালিয়ে যায়।

পরে স্থানীয়রা আহত অবস্থায় তুষার কে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে।

মেহেরপুরে ৫ জনের যাবজ্জীবন কারাদন্ড

মেহেরপুর গাংনী উপজেলার এলাঙ্গী গ্রামের চাঞ্চ্যকর জোড়া হত্যা মামলায় দীর্ঘ ২০ বছর পরে ৫ জনের যাবজ্জীবন কারাদন্ড দিয়েছে দিয়েছে আদালত। গতকাল সোমবার দুপুরে জেলা ও দায়রা জজ আদালতের বিচারক এস.এম আব্দুস ছালাম এ দন্ডাদেশ প্রদান করেন।

দন্ডাদেশপ্রাপ্ত আসামীরা হলো এলাঙ্গী গ্রামের বজলুর রহমান, শহিদুল ইসলাম, ওহিদুল ইসলাম, আব্দুল মজিদ ও ইয়াহিয়া। ২০ বছর পরে হত্যা মামলার রায় হওয়ায় বাদী পক্ষের লোকজন সন্তুষ্ট প্রকাশ করেছে। অন্য দিকে এই রায়ের বিপক্ষে উচ্চ আদালতে যাওয়ার কথা জানান আসামী পক্ষের লোকজন। হত্য কান্ডের পর দীর্ঘ পুলিশি তদন্ত ও ২২ জনের সাক্ষ্য গ্রহন শেষে গতকাল দুপুরে জনাকির্ন আদালতে এ রায় দেন বিচারক।

মামলায় রাষ্ট্র পক্ষের আইনজীবি ছিলেন অ্যাড. পল্লব ভট্টাচার্য ও আসামী পক্ষের আইনজীবি ছিলেন অ্যাড. এ.কে.এম শহিদুল ইসলাম।

মামলার বিবরনে জানা যায়, ১৯৯৯ সালের ১৩ জানুয়ারী বাদি দিরাজ উদ্দীন ও তার ভাই হিরাজ উদ্দীন এলাঙ্গী গ্রামে তাদের আত্মীয় ইউপি সদস্য আক্তারের বাড়ি বেড়াতে যান। রাতে খাবার পর আক্তারের নিজস্ব কক্ষে সবাই গল্প করছিলেন। এ সময় ২০ থেকে ৩০ জন অস্ত্রধারী সদস্যা তাদের অস্ত্রের মুখে জিম্মি করে অপহরণ করে। যাওয়ার সময় হিরাজ পালিয়ে গেলেও সন্ত্রাসীরা তুলে নিয়ে যায় অপর দুইজনকে। পরদিন বেলা ১২ টার দিকে পার্শবর্তী চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার বগাদী গ্রামের একটি মাঠ থেকে আক্তার মেম্বর ও দিরাজের গলাকাটা লাশ উদ্ধার করে পুলিশ। ঐ দিন রাতেই মেহেরপুর গাংনী থানায় দিরাজের ভাই হিরাজ উদ্দীন বাদি হয়ে একটি হত্যা মমলা দায়ের করেন। ২০০০ সালের ৩০ জুন মামলায় ৪০ জনকে আসামী করে আদালতে চার্জশীট দাখিল করে তৎকালীন গাংনী থানার এস.আই আব্দুল লতিব ও সামসুল হক।

মামলার বাদী নিহত দিরাজের ভাই হিরাজ উদ্দিন জানান, সে দিন রাতে আমি প্রাণে বাঁচলেও আমার ভাই সহ আক্তার মেম্বার কে সন্ত্রাসীরা নির্মম ভাবে হত্যা করে। এই ঘটনার পর দীর্ঘ সময় আমরা আজকের এই রায়ের অপেক্ষায় ছিলাম। আামরা এত দিন এই রায়ের জন্য আল্লাহর কাছে ফরিয়াদ করেছি। তার প্রতি ফলন আমরা পেলাম। আমি সহ নিহতের পরিবাার এই রায়ে সন্তুষ্ঠ।

নিজস্ব প্রতিনিধি

ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদককে পিটিয়ে জখম

মেহেরপুরের মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজের সাবেক সাধারণ সম্পাদক তুষার ইমরাণকে পিটিয়ে জখম করেছে সাবেক সাংগঠনিক সম্পাদক আশিক ও তার লোকজন।

সোমবার দুপুরে মুজিবনগর ডিগ্রী কলেজের গেটে এ ঘটনা ঘটে। আহত তুষার ইমরাণকে স্থানীয় লোকজন উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসে। হাসপাতালের জরুরী বিভাগের কর্তব্যরত চিকিৎসক বলেন, তুষারের মাথায় বেশ কয়েকটা শেলাই হয়েছে এবং সারা শরীরে

আঘাতের চিহ্ন আছে।

এক দিন পার না হলে কিছু বলা যাচ্ছে না। এ বিষয়ে তুষার ইমরাণ বলেন, আমি প্রতিদিনের ন্যায় আজকেও কলেজে গিয়েছিলাম। দুপুরে কলেজ থেকে বাড়ি ফেরার পথে কলেজ গেটের কাছে সাবেক সাংগঠনিক সম্পাদক আশিকের নেতৃত্বে লিজন, অনিক, রনক, বান্না, মিল্টন, ঝলক সহ আরও কয়েকজন আমার উপর হামলা চালায়।

কিছু বুঝে উঠার আগে আমাকে পিটিয়ে জখম করে মৃত ভেবে পালিয়ে যায়। কলেজের ছাত্র রহিদ বলেন, তুষারকে মারছিল যখন আমি ছুটে গিয়ে তাকে বাচানোর চেষ্টা করি। এজন্য আমাকেও তারা কাঠ দিয়ে কয়েকটা আঘাত করে এতে আমার হাত কেটে যায়। জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাধন বলেন, এটা অনাকঙ্খিত ঘটনা।

এর সাথে যারা জড়িত তাদের বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা গ্রহন করা হবে। তিনি আরও বলেন মুজিবনগর ডিগ্রী কলেজের কমিটি চলতি বছরের জুলাই মাসে বিলুপ্ত করা হয়েছে।

এ ঘটনার বিষয়ে মুজিবনগর ডিগ্রী কলেজের প্রিন্সিপাল রেজাউল হক বলেন, আমি কলেজ ক্যাম্পাসে এ ধরণের ঘটনা শুনিনি। যদি এ ঘটনা ঘটে সেটা অনাকঙ্খিত।

বিদ্যুৎস্পৃষ্ঠ হয়ে কৃষকের মৃত্যু

মেহেরপুর সদর উপজেলার সুবিদপুর খাঁন পাড়া গ্রামের কৃষক মো: মজিবর মিরদা (৬০) বিদ্যুৎ স্পৃষ্ঠ হয়ে মৃত্যু বরণ করেন। দুপুরের দিকে মাঠে ঘাস কাটতে গিয়ে ঝুলুন্ত বিদ্যুৎ তার ঘাস কাটা হাসুয়াতে বেধে কেটে গিয়ে এঘটনা ঘটে।

পরে মাঠে থাকা কর্মরত কয়েক জন কৃষক এসে তাকে উদ্ধার করে। ততক্ষনে কৃষক মো: মজিবর মিরদার সেখানে মৃত্যু ঘটে। সে একই গ্রামের মো: মকা মিরদার ছেলে। এ অনাকাক্ষিত ঘটনায় গ্রামে শোকের ছায়া নেমে

আসে।

নিজস্ব প্রতিনিধি:

মাঠ পর্যায়ে কলসেন্টার-৩৩৩ এর প্রচারে প্রেস কনফারেন্স

মাঠ পর্যায়ে কলসেন্টার-৩৩৩ এর প্রচারে প্রেস কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ প্রেস কনফারেন্স অনুষ্ঠিত হয়।

প্রেস কনফারেন্সের সভাপতি জেলা প্রশাসক আতাউল গনি “ মাঠ পর্যায়ে কল সেন্টার-৩৩৩” এর সার্বিক দিক তুলে ধরেন। এসময় তিনি বলেন, ঘরে বসে জনগনের নিকট তথ্য সেবা ও সার্বিক সহযোগিত পাওয়া যাবে এই ৩৩৩ নাম্বারে কল করে। ২০১৮ সালে ১২ এপ্রিল মাঠ পর্যায়ে সেবা দিতে ৩৩৩ যাত্রা শুরু করেণ। কল সেন্টার ৩৩৩ এর উদ্বোধন করেন প্রধানমন্ত্রীর তথ্য প্রযুক্তি উপদেষ্টা সজিব ওয়াজেদ জয়। ইতিমধ্যে এটি জনগনের নিকট ব্যাপক সাড়া ফেলেছে।

মেহেরপুরও এই কল সেন্টার থেকে সেবা নিয়েছে প্রায় ২২শ জন। বিভিন্ন অভিযোগ, বাল্য বিবাব, মাদক, দূর্নীতি, ভোক্তা অধিকার, খাদ্যে ভেজাল সহ অনেক অপকর্মের বিরুদ্ধে অভিযোগ করা যাবে।

এছাড়াও বিভিন্ন তথ্য সেবা যেমন, আবহাওয়া, সরকারি অফিসারের ফোন নাম্বার, জমিজমা সংক্রান্ত বিষয় ইত্যাদি সম্পর্কে তথ্য নেওয়া যাবে। মেহেরপুর জেলা প্রেস ক্লাব ও মেহেরপুর প্রেস ক্লাবের সাংবাদিকগন প্রেস কনফারেন্সে উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]